

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৩৪

পর্ব-১১: হজ (এшыл) باتك)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّالِثُ

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ عَلَى النِّسَاءِ جِهَادٌ؟ قَالَ: نَعَمْ عَلَيْهِنَّ جِهَادٌ لَا قِتَالَ فِيهِ: الْحَجُّ وَالْعُمْرَةُ . رَوَاهُ ابْنُ مَاجَه

বাংলা

২৫৩৪-[৩০] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! মহিলাদের ওপর কি জিহাদ ফরয? তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, হ্যাঁ, তাদের ওপর এমন জিহাদ ফর্য যাতে সশস্ত্র যুদ্ধ নেই- আর তা হলো হজ্জ/হজ ও 'উমরা। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ২৯০১, ইবনু আবী শায়বাহ্ ১২৬৫৫, দারাকুত্বনী ২৭১৬, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৭৫৮, ইবনু মাজাহ ২৯০১, ইরওয়া ৯৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَلَيْهِنَّ جِهَادٌ لَا قِتَالَ فِيهِ) "মহিলাদের ওপর এমন জিহাদ ফরয যাতে মারামারি নেই। বরং তাতে রয়েছে পরিশ্রম এবং খাদ্য বহন, দেশ ও পরিবার-পরিজন ত্যাগ ও সফরের কস্ট।"

আর তা হলো (الْحَجُّ وَالْعُمْرَةُ) "হজ্জ/হজ এবং 'উমরা"। 'আল্লামা সিন্দী বলেনঃ হজ্জ/হজ এবং 'উমরা পালনে জিহাদের মতই সফর ও দেশ ত্যাগের কষ্ট বিদ্যমান রয়েছে। তবে শক্রুর সাথে লড়াই করার ক্ষমতা মহিলাদের নেই। অত্র হাদীস প্রমাণ করে যে, মহিলাদের ওপর জিহাদ ফরয নয়, এতে 'উমরা ওয়াজিব হওয়ার ইঙ্গিত পাওয়া যায়।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন